

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৯.২০২০.৩২৪

তারিখ:

৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মন্মথ রঞ্জন বাউড়ে (৩৫৭৩), সহযোগী অধ্যাপক (সংস্কৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: সরকারি ব্রজলাল কলেজ, খুলনা গত ১২/০৪/২০২০ খ্রি. হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় বিধি অনুযায়ী বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর স্থায়ী ও কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক দেশে নাই" মর্মে ডাক বিভাগ খামের গায়ে লাল কালি দিয়ে লিখিতভাবে জানায়;

যেহেতু, জনাব মন্মথ রঞ্জন বাউড়ে-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদণ্ড আরোপপূর্বক "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করেছে;

যেহেতু, মহামান্য রাষ্ট্রপতি জনাব মন্মথ রঞ্জন বাউড়ে-কে চাকরি হতে বরখাস্তকরণে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মন্মথ রঞ্জন বাউড়ে (৩৫৭৩), সহযোগী অধ্যাপক (সংস্কৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: সরকারি ব্রজলাল কলেজ, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ১৩/০৬/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

চলমান পাতা-০২


নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৯.২০২০.৩২৪/১(১০)

তারিখ:

৩০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ জুন ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মন্মথ রঞ্জন বাইে এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, সরকারি ব্রজলাল কলেজ, খুলনা।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
১০. জনাব মন্মথ রঞ্জন বাইে (৩৫৭৩), সহযোগী অধ্যাপক (সংস্কৃত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: সরকারি ব্রজলাল কলেজ, খুলনা।


(মোহাম্মদ আবু নাসের বেগ)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫